

স্মারক নম্বর: ০৫.৪২.১৫০০.২০২.১০.০৪৫.২৪-১০৯২

তারিখ: ২৬ নভেম্বর ২০২৪


**গণবিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জুলাই-আগস্ট, ২০২৪ ঐতিহাসিক ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে আহতদের চূড়ান্ত তালিকা প্রণয়ন করতে 'গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল' গঠিত হয়েছে। ইতোমধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক সরকারি-বেসরকারি হাসপাতাল ও জেলা কমিটির মাধ্যমে প্রাপ্ত আহতদের নামের তালিকা [www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd) এবং [www.dghs.gov.bd](http://www.dghs.gov.bd) ওয়েব পেজ দুটিতে প্রকাশিত হয়েছে এবং যাচাই কার্যক্রম চলমান রয়েছে।

০২। গণঅভ্যুত্থানকালীন ১৫ জুলাই ২০২৪ হতে ৫ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে ছাত্র-জনতার আন্দোলনে সম্পৃক্ত হয়ে যারা আহত হয়েছেন বা চিকিৎসাধীন আছেন কিন্তু উল্লিখিত তালিকায় নাম অন্তর্ভুক্ত হয়নি এমন ব্যক্তির নাম তালিকাভুক্তির জন্য আবেদন আহবান করা হয়েছে।

০৩। উল্লেখ্য, সংশ্লিষ্ট আহত ব্যক্তির জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং উপযুক্ত প্রমাণকসহ সংশ্লিষ্ট জেলা প্রশাসক অথবা বিশেষ সেল এর দলনেতা বরাবর আবেদন করতে হবে।

০৪। এমতাবস্থায়, চট্টগ্রাম জেলার কোন বাসিন্দা যদি চট্টগ্রাম জেলা অথবা অন্য কোন জেলায় ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে সম্পৃক্ত হয়ে আহত হয়েছেন বা চিকিৎসাধীন আছেন কিন্তু তালিকাভুক্ত হননি এমন আহত ব্যক্তি আগামী ৩০ নভেম্বর ২০২৪ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী অথবা বিশেষ সেলের দলনেতা (অতিরিক্ত সচিব), গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর পূর্ণাঙ্গ আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো। আবেদন সরাসরি ২য় তলা, ভবন নং: ২, বিএসএল অফিস কমপ্লেক্স (হোটেল ইন্টারকন্টিনেন্টাল), ১ মিক্ট রোড, ঢাকা-১০০০ ঠিকানায় এবং ইমেইল আবেদন [muspecialcell36@gmail.com](mailto:muspecialcell36@gmail.com) ঠিকানায় পাঠানো যাবে।

  
২৬.১১.২০২৪

ফরিদা খানম  
জেলা প্রশাসক  
চট্টগ্রাম।

ফোন : ০২-৪১৩৬০২৫৫

ইমেইল: [dcchittagong@mopa.gov.bd](mailto:dcchittagong@mopa.gov.bd)

স্মারক নম্বর: ০৫.৪২.১৫০০.২০২.১০.০৪৫.২৪- ১০৯২

তারিখ: ২৬ নভেম্বর ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ০৪। দলনেতা (অতিরিক্ত সচিব), গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। পুলিশ সুপার, চট্টগ্রাম।
- ০৬। সিভিল সার্জন, চট্টগ্রাম।
- ০৭। অতিরিক্ত জেলা প্রশাসক, রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি/এল.এ/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল), চট্টগ্রাম।
- ০৯। বিভাগীয় জেলা তথ্য অফিসার, চট্টগ্রাম (বিজ্ঞপ্তিটি জরুরিভিত্তিক সকল উপজেলায় বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ১০। সভাপতি/সাধারণ সম্পাদক, চট্টগ্রাম প্রেস ক্লাব।
- ১১। অফিস কপি।